

# প্রতিবন্ধী ব্যক্তিদের ব্যবহার উপযোগী উন্নয়নকৃত সফটওয়্যার ‘ইমপোরিয়া’ এর শুভ উদ্বোধন

তথ্য প্রযুক্তির মাধ্যমে এনডিডিসহ সব ধরনের প্রতিবন্ধী ব্যক্তির ক্ষমতায়ন প্রকল্পের অধীনে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য উন্নয়নকৃত সফটওয়্যার ‘ইমপোরিয়া’ অদ্য ২৮ই মার্চ ২০২১ তারিখ সকাল ১০:৩০ মিনিটে অনলাইন প্ল্যাটফর্ম জুমের মাধ্যমে শুভ উদ্বোধন ঘোষণা করা হয়।

আইসিটি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় জনাব জুনাইদ আক্ষেদ পলক এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিতি সফটওয়্যারটি উদ্বোধন করেন। এ অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিতি ছিলেন আইসিটি বিভাগের সম্মানিত সিনিয়র সচিব জনাব এন এম জিয়াউল আলম পিএএ এবং সিএসআইডি এর নির্বাহী পরিচালক জনাব খন্দকার জহরুল আলম। অনুষ্ঠানে সভাপতিত করেন বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এর নির্বাহী পরিচালক জনাব পার্থপ্রতিম দেব।

এ অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বিসিসির পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন) জনাব মোহাম্মদ এনামুল কবির। এছাড়াও প্রকল্প সম্পর্কিত যাবতীয় তথ্যাদি উপস্থাপন করেন প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব মনোয়ার উজ জামান। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন অত্র প্রকল্পের উপ-প্রকল্প পরিচালক জনাব মোঃ গোলাম রক্তান্বী।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক সকল নাগরিকের সমান অধিকার নিশ্চিত করতে প্রযুক্তিকে শক্তিশালী হাতিয়ার হিসেবে ব্যবহারের ওপর গুরুত্বারোপ করে বলেন সক্ষম, বিশেষভাবে সক্ষম বা যে কোন ধরনের প্রতিবন্ধীসহ দেশের প্রতিটি নাগরিকের সমান সুযোগ নিশ্চিত করতে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করছে বর্তমান সরকার।

জনাব পলক বলেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বৈষম্যহীন ও অন্তর্ভুক্তিমূলক সমাজ প্রতিষ্ঠার লক্ষ্যে প্রতিবন্ধীদের জন্য ডিজিটাল প্ল্যাটফর্ম “ইমপোরিয়া” তৈরি করা হয়েছে। তিনি বলেন আইসিটি বিভাগ কর্তৃক আয়োজিত জবফেয়ারে প্রতিবন্ধী শিক্ষিত ভাই বোনেরা দেশের বিভিন্ন এলাকা থেকে ইন্টারভিউ দিতে ঢাকা আসেন। তাঁদের সময়, খরচ ও হয়রানি কমাতে এ প্ল্যাটফর্মটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে তিনি উল্লেখ করেন।

আইসিটি প্রতিমন্ত্রী বিশেষভাবে সক্ষম প্রতিবন্ধী ব্যক্তি ও সন্তুষ্ট চাকরিদাতা প্রতিষ্ঠানের মধ্যে সেতুবন্ধন হিসেবে “ইমপোরিয়া” প্ল্যাটফর্মটি কাজ করবে উল্লেখ করে বলেন এর মাধ্যমে প্রতিবন্ধী ভাই বোনেরা আইসিটি বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ, চাকরি প্রত্যাশীগণ জীবন বৃত্তান্ত জমা রাখা এবং চাকরির ইন্টারভিউ ভিডিও কনফারেন্স এর মাধ্যমে সম্পর্ক করতে পারবে। তিনি বলেন প্রতিবন্ধীদের প্রয়োজন অনুযায়ী সক্ষম করে গড়ে তুলতে বিভিন্ন আইটি প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ নিয়েছে আইসিটি বিভাগ। তিনি বলেন প্রতিবন্ধীদের সুযোগের সমতা, অধিকার নিশ্চিত করতে সকল সক্ষম ব্যক্তিকে এগিয়ে আসার আহবান জানান।

‘ইমপোরিয়া’ এর উদ্বোধনী অনুষ্ঠানে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ, সিসিএ কার্যালয়, ডিজিটাল নিরাপত্তা এজেন্সি, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, সমাজসেবা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, পরিকল্পনা কমিশন, এনজিও বিষয়ক ব্যৱৰো, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, সূচনা ফাউন্ডেশন, এনএসডিএ, এনডিডি সুরক্ষা ট্রাস্ট, স্বাস্থ্য অধিদপ্তর, বিভিন্ন চাকুরী দাতা প্রতিষ্ঠান, প্রতিবন্ধী ব্যক্তিদের নিয়ে কাজ করেন এমন দেশি-বিদেশী সংস্থার প্রতিনিধিগণ, বিভিন্ন কমিটির সম্মানিত সদস্যবৃন্দ এবং প্রতিবন্ধী ব্যক্তিগণ অনলাইনের মাধ্যমে সংযুক্ত ছিলেন।

বাংলাদেশে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য ব্যবহার উপযোগী কোন সফটওয়্যার নেই। আইসিটি বিভাগের নির্দেশনায় এই প্রথমবারের মত সকল ধরণের প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য ব্যবহার উপযোগী সফটওয়্যার ‘ইমপোরিয়া’ উন্নয়ন করা হয়েছে। সফটওয়্যারটিতে রয়েছে ই-লার্নিং প্ল্যাটফর্ম, জব পোর্টাল ও মোবাইল অ্যাপস। ই-লার্নিং প্ল্যাটফর্মে আইসিটি বিষয়ক বিভিন্ন কোর্সের ৩৫০ টি অডিও-ভিডিও টিউটোরিয়াল রয়েছে এবং শুধুমাত্র দৃষ্টি প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য ৬০ টি অডিও টিউটোরিয়াল রয়েছে। প্রতিবন্ধী ব্যক্তিরা উক্ত ‘ই-লার্নিং প্ল্যাটফর্ম’ ব্যবহার করে নিজেদের দক্ষতা বাড়াতে পারবে এবং সকল দক্ষতা যাচাইকরণের ব্যবস্থাও এতে সন্নিবেশিত রয়েছে। ‘জব পোর্টাল’ এর মাধ্যমে প্রশিক্ষিত প্রতিবন্ধী ব্যক্তিরা চাকুরির জন্য সিভি জমা দেয়া, চাকুরী খোঁজা এবং আবেদন করতে পারবে এবং আগ্রহী চাকুরীদাতা প্রতিষ্ঠান চাকুরীর বিজ্ঞাপন প্রদানসহ নিয়োগের প্রয়োজনীয় ধাপ সমূহ অনুসরণ করে ভিডিও প্ল্যাটফর্মে সরাসরি ইন্টারভিউ গ্রহণের মাধ্যমে যোগ্য প্রার্থী নির্বাচন করতে পারবেন।

উল্লেখ্য, প্রথমাত অটিজম বিশেষজ্ঞ সায়মা ওয়াজেদ পুতুলের অনুপ্রেরণায় ‘ইমপোরিয়া’ সফটওয়্যারটি তৈরি করা হয়। ‘ইমপোরিয়া’ সফটওয়্যারে প্রবেশের লিংকঃ <https://emporia.bcc.gov.bd/>

## ‘ইমপোরিয়া’ এর শুভ উদ্বোধনী অনুষ্ঠানের ধারণকৃত ছবি:

